



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৬৬

তারিখঃ ১৫/০৬/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ প্রধান শিক্ষকের ০৫/০৬/২০২৩ খ্রি. তারিখের একখানা অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন “ইন্দিলাপুর আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়” এর প্রধান শিক্ষক জানিয়েছেন ম্যানেজিং কমিটি নির্বাচন পরবর্তী ২৪/০৪/২০২৩ তারিখে ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়নের নির্বাচন অনুষ্ঠিত হয়। নিয়মানুযায়ী সভাপতি নির্বাচনের ০৩(তিন) দিনের মধ্যে কমিটির সকল কাগজপত্রসহ তা অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণ করার কথা থাকলেও প্রধান শিক্ষকের অগোচরে কে বা কারা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটির সকল প্রয়োজনীয় কাগজপত্র জাল/টেম্পারিং করে বোর্ডে প্রেরণ করেছেন এবং বোর্ড ইতোমধ্যে তা অনুমোদন করেছেন। তিনি আরও জানিয়েছেন যে, বর্তমান অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি অত্র বিদ্যালয় এলাকার একজন বিতর্কিত ব্যক্তি এবং যার বিরুদ্ধে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত শেরপুর এ মামলা নং ৩০৬/২০২২ চলমান আছে। উল্লিখিত বিতর্কিত ব্যক্তিকে সভাপতি নির্বাচিত করায় এলাকায় বিশৃঙ্খলা দেখা দেয় এবং তাঁকে প্রাণনাশের হুমকি দিলে তিনি শ্রীবরদী থানায় জিডি নং- ১১৭৬ তারিখ: ২৭/০৪/২০২৩ দায়ের করেন।

এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক এ পত্র ইস্যুর তারিখ হতে ১০(দশ) কার্য দিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক-১ঃ ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

প্রাপক-২ঃ জনাব রফিকুল ইসলাম
সহকারি বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ৬৬(৫)

তারিখঃ ১৫/০৬/২০২৩ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার জেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ৩। উপজেলা একাডেমিক সুপারভাইজার ও নির্বাচন পরিচালনার প্রিজাইডিং অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, “ইন্দিলাপুর আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়” শ্রীবরদী, শেরপুর।
- ৫। প্রধান শিক্ষক, “ইন্দিলাপুর আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়”, শ্রীবরদী, শেরপুর।
- ৬। অফিস কপি।

Didarul Islam

15.06.2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

[Signature]